

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
হিসাব অধিশাখা  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।  
[www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)

স্মারক নং-৪৮.০০.০০০০.০১০.৩৩.০২৬.১৯-৪

তারিখ: ৪ মাঘ ১৪২৭  
১৮ জানুয়ারি ২০২১


পরিপত্র

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত।

সূত্র: (ক) স্বাস্থ্য সেবা বিভাগের সাথে ২২/৭/২০১৮ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক।  
(খ) এ মন্ত্রণালয়ের ২৩/৭/২০১৮ তারিখে জারীকৃত ৪৮.০০.০০০০.০১০.০২.০০৬.১৫.-৩৬৯ সংখ্যক পরিপত্র।

উপর্যুক্ত বিষয় সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে প্রাপ্ত দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালদ্ধ আয়ের ৪% অর্থ দ্বারা বীর মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে (স্বল্পমূল্যে) চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক এবং এতদসংক্রান্ত পরিপত্রের আলোকে ২০১৮-২০১৯ অর্থবছর থেকে দেশের সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা সদর হাসপাতাল, সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত হাসপাতালের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হচ্ছে। কিন্তু লক্ষ্যে করা যাচ্ছে যে, অনেক হাসপাতাল কর্তৃপক্ষ বরাদ্দকৃত অর্থ যথাসময়ে মুক্তিযোদ্ধাদের চিকিৎসায় ব্যয় করতে পারছে না।

২। এমতাবস্থায়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ দ্বারা সূত্রস্থ সমঝোতা স্মারক এবং পরিপত্রের আলোকে বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: জাহাঙ্গীর আলম)

উপসচিব

টেলিফোন: ৯৫৮৮৪৪৩

- ১। পরিচালক, .....
- ২। তত্ত্বাবধায়ক, .....
- ৩। সিভিল সার্জন, .....
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, .....

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।